

କୋଟାଂଗୁଳ

ବିବିଧ
ଏକାଙ୍କ

ସମ୍ପାଦନା

ନିରୁପମ ଆଚାର୍ଯ୍ୟ

Choto Galpo : Bibidha Sandhan
Collection of Research Paper on Short Stroies

ISBN : 978-93-93085-01-6

প্রকাশক : শতাব্দী আচার্য
কলাবতী বুক পাবলিশিং
১৯৪, গোরক্ষবাসী রোড
কলকাতা-৭০০০২৮

প্রথম প্রকাশ : জানুয়ারি, ২০২২

গ্রন্থস্বত্ব : সম্পাদক

প্রচ্ছদ : প্রণব হাজারা

বর্ণপ্রতিস্থাপন :

মেগাবাইট

১০, ঝামাপুকুর লেন

কলকাতা-৭০০০০৯

মুদ্রক :

সাইবার গ্রাফিক্স

৩২/১, নয়াপাড়া লেন

বরানগর, কলকাতা-৩৬

মূল্য : ৭০০ টাকা

গণশিক্ষা কল্যাণ ট্রাস্ট
৩৬০০০৭ কলকাতা-৩৬ (কলকাতা), ৭৫৫

২৩.	জীবনের সত্য অথচ অন্ধকারের নানানদিক জগদীশ গুপ্তের কথাজগৎ —সুমন মজুমদার	১৭৯
২৪.	‘মাননীয় পরীক্ষক মহাশয় সমীপেষু’ স্বাধীন ভারতে এক ছাত্রের জীবনযন্ত্রণার পত্র—অহীনা দে	১৮৭
২৫.	অনিতা অগ্নিহোত্রীর ‘শেষ সামুরাই’ গল্পে আপসহীন অভিব্যক্তির স্বরূপ —মৌমিতা বিশ্বাস	১৯১
২৬.	সতীনাথের ‘গণনায়ক’ গল্পে দেশভাগ প্রসঙ্গ—বাসব দাস	১৯৭
২৭.	রবীন্দ্রজীবন এবং নষ্টনীড়—বোধিস্বত্ব ভট্টাচার্য	২০৪
২৮.	সৈকত মুখোপাধ্যায়ের দুটি গল্পে উত্তরাধুনিক রিয়্যালিটি—সেখ জাহির আব্বাস	২১১
২৯.	‘শুধু কেরানী’, ‘হয়ত’, ‘শৃঙ্খল’; প্রেমেন্দ্র মিত্রের লেখায় প্রেম, দাম্পত্য, প্রেমহীনতা—সুষমা সেন	২১৮
৩০.	যান্ত্রিক প্রেমে ‘অযান্ত্রিক’—সৌরভ সাহা	২২৪
৩১.	প্রকৃতি, সমাজ ও মানবজীবনের মেলবন্ধনের গল্প ‘মেঘ ও রৌদ্র’ —সুমিত মজুমদার	২৩২
৩২.	প্রেম : স্বপ্নভঙ্গ : একটি বয়ঃসন্ধিকালীন কিশোরীর গল্পগাথা : ‘পোস্টমাস্টার’ —অনন্যশংকর দেবভূতি	২৪১
৩৩.	সুচিত্রা ভট্টাচার্যের গল্পে নারীবাদ—কাজরী দাস মহাপাত্র	২৫০
৩৪.	লীলা মজুমদারের ‘পেশা বদল’ : মধ্যবিত্তের ছবি—বেবী পাত্র (সামন্ত)	২৫৭
৩৫.	আধুনিক মধ্যবিত্ত সমাজে নারী মানসিক দ্বন্দ্বের শিকার : প্রসঙ্গ নরেন্দ্রনাথ মিত্রের ‘চোর’ গল্প—প্রিয়তমা মজুমদার	২৬৬
৩৬.	আত্মত্যাগের অম্লান শিখা : সাদাত হাসান মাস্টার টোবা টেক সিং —রঞ্জনা গড়াই	২৭১
৩৭.	উত্তাল একাত্তরের মুক্তিযুদ্ধে নারীর জীবন অধ্যয়ন : প্রেক্ষিত সেলিনা হোসেনের নির্বাচিত গল্প—সাহাবুল মণ্ডল	২৭৭
৩৮.	তৃপ্তি মিত্রের ছোটগল্প ‘দুঃস্বপ্ন’ : একটি রূপকধর্মী রচনা—তনয়া আফরোজ	২৮৬
৩৯.	ভগীরথ মিশ্রের গল্প : পরিবেশ ও পরিজন—চন্দন খাঁ	২৯৫
৪০.	মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘হারাণের নাতজামাই’ উত্তাল সময়ের আখ্যান —মধুমিতা সেনগুপ্ত	২৯৯
৪১.	তারিণী মাঝি : জীবনতৃষ্ণার গল্প—মিঠুন মুখার্জী	৩০৫
৪২.	নির্বাচিত রবীন্দ্র ছোটগল্পের চলচ্চিত্রায়ণ—মমতাজ বেগম	৩১২
৪৩.	শিল্পীর কোনও জাত নেই : প্রসঙ্গ আনসারউদ্দিনের শিল্পী—সুব্রত মণ্ডল	৩২০
৪৪.	আবুল বাশারের ‘এক টুকরো চিঠি’ গল্পে নারীর অন্তর্বেদনা —মাসুদ আলী দেওয়ান	৩২৮

সতীনাথের ‘গণনায়ক’ গল্পে দেশভাগ প্রসঙ্গ

বাসব দাস

রবীন্দ্র-পরবর্তী গল্পকারদের মধ্যে সতীনাথ ভাদুড়ী অন্যতম। মাত্র ছয়টি উপন্যাস ও ৬২টি ছোটগল্প রচনা করে সতীনাথ বাংলা সাহিত্যে অমর হয়ে আছেন। তার রচনার অধিকাংশ পটভূমি হলো অখণ্ড বিহার। আর অধিকাংশ রচনায় প্রাধান্য পেয়েছে অবাঙালি চরিত্ররা। তবে প্রবাসী বাঙালি হয়েও সতীনাথ যে সাহিত্য সম্ভার সৃষ্টি করেছেন, তা অনন্য। ছোটগল্পকার সতীনাথ যে সময় কলম ধরেছেন, সেসময়কার আলোচনা প্রসঙ্গে ড. সুমিতা চক্রবর্তী লিখেছেন; “১৯৪৫ থেকে ১৯৪৭-এর মধ্যে বাংলা ছোটগল্পে বাস্তববোধ, প্রগতি-চেতনা, সমাজ-মনস্কতা এবং প্রতিবাদী চেতনার অভূতপূর্ব সমন্বয় দেখা দিয়েছিল। এসেছিলেন বহু গল্পকার যাঁদের শ্রমে মননে ও প্রতিভায় প্রকৃতপক্ষেই গড়ে উঠেছিল বাংলার নতুন সাহিত্য।”^১ , এ সময়ে প্রকাশিত সতীনাথের বিখ্যাত গল্পটি হলো ‘গণনায়ক’। গল্পটি ‘দৈনিক কৃষক’ পত্রিকায় ১৩৫৪ বঙ্গাব্দের শারদীয় সংখ্যায় প্রকাশিত হয়। গল্পটির প্রেক্ষাপট হলো ১৯৪৭-র দেশভাগ। ইংরেজকে হঠানোর উদ্দেশ্যে হিন্দু-মুসলিম একত্রিত হয়ে একদিন যে স্বাধীনতা সংগ্রামে নিজেকে উৎসর্গ করেছিলো, সেই বহু প্রতীক্ষিত স্বাধীনতা এলো বিচ্ছেদের মধ্য দিয়ে। অন্যের বিরুদ্ধে লড়াইতে গিয়ে আমরা যে কখন নিজেদের মধ্যেই লড়াই শুরু করেছিলাম, তা আমরা ভাববার অবকাশ পাইনি। স্বাধীনতা এলো। কিন্তু সঙ্গে নিয়ে এলো দাঙ্গা, ধর্মবিদ্বেষ, উদ্বাস্ত জীবনের মতো অভিশাপ।

সে সময় বাংলা সাহিত্য-গগনে উজ্জ্বল নবীন লেখকরা ছিলেন বিভূতিভূষণ, তারাশঙ্কর, মানিক এবং সতীনাথ। তারা প্রত্যেকেই দেশ-কাল, অস্তিত্ব নীতি প্রভৃতি বিষয় নিয়ে লিখেছেন। কিন্তু দেশভাগকে নিয়ে বিশেষ কিছু লেখেননি; “এই নীরবতার কারণ নানাজন নানাভাবে খুঁজতে পারেন। সত্য হয়তো ছড়িয়ে আছে সেইসব আছে সন্ধানের মধ্যেই। আমাদের শুধু এই সত্যটুকু স্বীকার করে নেয়া; সেই মুহূর্তে বাংলা গল্প-উপন্যাস বস্তুত নীরবই ছিল।”^২ তবে সতীনাথ তার প্রত্যক্ষ রাজনৈতিক অভিজ্ঞতাকে উপস্থাপন করেছেন রচনার মধ্য দিয়ে। ১৯৩৯ সালে কংগ্রেস দল করবার জন্য টিকাপট্টি আশ্রমে যোগ দেন সতীনাথ। এরপর তিনবার কারাবরণ করেন। পরবর্তীতে কংগ্রেস সোসালিস্ট দলে যোগ দেন এবং শেষপর্যন্ত রাজনীতি সংসর্গ ত্যাগ করে সম্পূর্ণভাবে সাহিত্যচর্চায় নিয়োজিত হন; “স্বাধীনতার